ভোরের কাগজ

তারিখ ... JAN. 1.5 2000 ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৭ ...

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
## ঢাকা

# জরুরী বিজ্ঞপ্তি

নং ১৯(৪) তারিখ : ১৩-০১-২০০০ইং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, আগামী ২০০০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার নিয়মিত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য যে সব তথ্য দাখিল করা হয়েছে তার মধ্যে প্রায় ২৯ (উনত্রিশ) হাজার ছাত্র/ছাত্রীর দাখিলকৃত তথ্যাদিতে নানা ধরনের অসংগতি থাকায় তাদের রেজিস্ট্রেশন ফরমেট প্রদান করা সম্ভব হয়নি। ১৯৯৮-৯৯ শিক্ষা বর্ষের এসব ছাত্র/ছাত্রীর কম্পিউটারাইজড প্রবলেমেটিক রেজিস্ট্রেশন প্রিন্ট আউট সংশ্লিষ্ট কলেজে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। কিন্তু অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান থেকে এ যাবত প্রিন্ট আউটে উল্লেখিত সমস্যাদির প্রামাণ্য কাগজপত্র এ বোর্ডে জমা দেয়া হয়নি। ফলে সংশ্লিষ্ট বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। কাজেই বর্ণিত ২৯ (উনত্রিশ) হাজার ছাত্র/ছাত্রীর রেজিস্ট্রেশন প্রদানের লক্ষ্যে তাদের এসএসসি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র ও এসএসসি/সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড যথাযথভাবে যাচাই করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায় এ বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের এসএসসি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র ও এসএসসি/সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর দফতরে জমা দেয়ার জন্য অনুরোধ জানান হলো। অন্যথায় ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদান করা সম্ভব না হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে, শিক্ষা বোর্ডের উপর তা কোনক্রমেই বর্তাবে না।

প্রফেসর মোঃ আবদুল হামিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ডিজি-২৫/২০০০ (৬"x২)